# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সি.ডি.এ. এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail : info@ bise-ctg.gov.bd, Website : www.bise-ctg.gov.bd


স্মারক নং : চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০২২(অংশ-১০)/১৬১(১৫০০) তারিখ : ২৩/০২/২০২৫ খ্রিঃ

## ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অধীন ২০২৫ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচি পরিবর্তন করতে পারবে।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা থেকে দুপুর ১ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকেল ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক) - ১ম পত্র | ১০১ | ১০/০৪/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) - ১ম পত্র | ১০৭ | ১৫/০৪/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র | ১০৮ | ১৭/০৪/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ২০/০৪/২০২৫<br>রবিবার | × | × |
| ১। ইসলাম ও নৈতিক শিক্ষা<br>২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা<br>৪। খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা | ১১১<br>১১২<br>১১৩<br>১১৪ | ২২/০৪/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১৫৪ | ২৩/০৪/২০২৫<br>বুধবার | × | × |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)<br>৩। আরবি<br>৪। সংস্কৃত<br>৫। পালি | ১৫১<br>১৩৪<br>১২১<br>১২৩<br>১২৪ | ২৪/০৪/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ২৭/০৪/২০২৫<br>রবিবার | × | × |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ২৯/০৪/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ৩০/০৪/২০২৫<br>বুধবার | × | × |
| ২। উচ্চতর গণিত (তত্ত্বীয়)<br>১। বিজ্ঞান | ১২৬<br>১২৭ | ০৪/০৫/২০২৫<br>রবিবার | | |
| ১। জীব বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ০৬/০৫/২০২৫<br>মঙ্গলবার | × | × |
| ১। হিসাব বিজ্ঞান | ১৪৬ | ০৭/০৫/২০২৫<br>বুধবার | × | × |
| ১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ১৫০ | ০৮/০৫/২০২৫<br>বৃহস্পতিবার | × | × |
| ১। বাংলা (আবশ্যিক) - ২য় পত্র | ১০২ | ১৩/০৫/২০২৫<br>মঙ্গলবার | × | × |

## ব্যাবহারিক পরীক্ষার সময়সূচি :

| বিষয় ও বিষয় কোড | তারিখ ও দিন | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| সকল বিষয়ের ব্যাবহারিক পরীক্ষা | ১৫/০৫/২০২৫ খ্রি., বৃহস্পতিবার থেকে ২২/০৫/২০২৫ খ্রি., বৃহস্পতিবার পর্যন্ত (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে)। পরীক্ষা সম্পন্ন হওয়ার পর অনলাইনে নম্বর এন্ট্রি করতে হবে এবং ফাইনাল সাবমিট করে ২৫/০৫/২০২৫ খ্রি., রবিবারের মধ্যে হাতে হাতে ফাইনাল প্রিন্ট কপি এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মাধ্যমিক পরীক্ষা শাখার কক্ষ নং ৪০৫ এ জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হবে। | স্ব-স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্রে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে) | ব্যাবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যাবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনোক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। |

বিশেষ নির্দেশাবলী :

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৩। প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
৫। সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর (নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর অনুযায়ী)
৬। ২৫/০৫/২০২৫ খ্রি. এর মধ্যে গালাসীলযুক্ত প্যাকেটে এক কপি পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে, এক কপি সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণপূর্বক অন্য একটি কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যাবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।
৭। প্রত্যেক পরীক্ষার্থী নিজ নিজ উত্তরপত্রের ওএমআর ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোনো অবস্থাতেই মার্জিন কিংবা অন্য কোনো প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৮। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যাবহারিক অংশে পৃথক পৃথকভাবে পাস করতে হবে।
৯। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনো অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
১০। কোনো পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যাবহারিক) নিজ বিদ্যালয়ে/ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
১১। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সায়েন্টিফিক (**Non-Programmable**) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
১২। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোনো ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না।
১৩। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যাবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
১৪। ব্যাবহারিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্র/ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
১৫। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষার জন্য অনলাইনে **SMS** এর মাধ্যমে আবেদন করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৩৩৩৬৭৬৪,
Email : ce@bise-ctg.gov.bd

২৩.২.২৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-
১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের বিশেষ সহকারী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৬। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান এর উপজেলাসমূহ।
৮। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২৫ এর কেন্দ্রের সকল কেন্দ্র সচিব।
৯। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান।
১০। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম/কক্সবাজার/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
১১। পি.এস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), চশিবো।
১২। অফিস কপি।

২৩/০২/২০২৫

(মোহাম্মদ আবদুল মন্নান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্য)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।
ফোন : ০২৩৩৪৪৫১৫১৬